



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৪ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৪। ৩০ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৩:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের ছয় দফা বেদী সংলগ্ন মাঠে বেলুন ও ফেছুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোঃ শওকত আলী। এসময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে খেলাধুলাসহ অন্যান্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন। তিনি বলেন, খেলাধুলা প্রতিটি শিক্ষার্থীর জন্য অত্যন্ত জরুরী একটা বিষয়। খেলাধুলাসহ যেকোন সহশিক্ষামূলক কার্যক্রম শিক্ষার্থীদের মনের খোরাক জোগায়। এগুলো শিক্ষার্থীদের মনের জোড়কে বৃদ্ধি করতে সহায়তা করে। এসময় প্রধান অতিথি খেলাধুলাসহ যেকোন প্রয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পাশে থাকার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মুহাম্মদ রাফিকুল ইসলাম। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন আইন অনুষদের ডিন সুপ্রভাত হালদার, রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর। শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক সেলিনা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। টুর্নামেন্টের উদ্বোধনী পর্বে ইংরেজি ও কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। এবারের আন্তঃবিভাগ ব্যাডমিন্টন প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ২৫টি বিভাগ এবং ছাত্রী ইভেন্টে ২২ টি বিভাগ অংশগ্রহণ করবে। আগামী ০৪ ফেব্রুয়ারি এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)  
বরিশাল বিশ্ববিদ্যালয়ের